

নারীর প্রতি সহিংসতায় ১৮ ভাগ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বারে পড়ছে

স্বাস্থ্য খবর

নারীর প্রতি সহিংসতার কারণে প্রাথমিক স্তর থেকে ১৮ ভাগ শিশু বর্জিত হচ্ছে বলে 'কনসালটেশন ওয়ার্কশপ অফ ড্রাগস্ট'-এর গবেষণায় উঠে এসেছে। গবেষণায় আদৌ বলা হয়, নারীর প্রতি পারিবারিক ও রাজনৈতিক সহিংসতার কারণে সমাজ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ছে তারা।

শনিবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে আইআরজি ডেভেলপমেন্ট সার্ভিস লিমিটেড আয়োজিত 'নারীর প্রতি সহিংসতা' শীর্ষক আলোচনা সভায় এই গবেষণাপত্র উপস্থাপন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অ্যান্ড

ট্রেনিংয়ের কনসালটেন্ট নিলুফার আহমেদ করিম, পলিসি ফরমুলেশন এবং বাজেট স্পেশালিস্ট ড. কানিজ এন সিদ্দিক, আইআরজি ডেভেলপমেন্ট সার্ভিস লিমিটেডের চেয়ারম্যান সুকরম সূতার। গবেষণায় বলা হয়, ৪টি কারণে নারীর প্রতি সহিংসতা বেড়েছে। সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং

আইনগত দুর্বলতার কারণগুলো বেশি নারী বলে চিহ্নিত করা হয়েছে। কানিজ এন সিদ্দিক বলেন, 'আমাদের পুরুষতান্ত্রিক সমাজ। তাই ছেলেরা যা বলে, তা মেয়েদের মেনে নিতে হয়। অর্থনৈতিকভাবে

মেয়েরা ছেলেদের ওপর নির্ভরশীল, নারীর প্রতি সহিংসতা রোধে যে আইন রয়েছে, তার প্রয়োগ নেই। এ ছাড়াও রাজনৈতিক সমস্যার কারণে সমাজে নারীর প্রতি সহিংসতা বেড়ে চলেছে। তিনি বলেন, এই সহিংসতা কমানোর জন্য নারীদের প্রতি সেবার মান নিশ্চিত করতে হবে। নারীদের কেখাও কোনো কাজে পাঠানোর আগে মানসিকভাবে প্রস্তুত করতে হবে। এজন্য তাকে প্রশিক্ষণ দিতে হবে। নিলুফার আহমেদ

বরিন বলেন, পরিবারে নারীদের ওপর সহিংসতার কারণে সন্তানরা দিকনির্দেশনা পায় না। যার কারণে ওইসব সন্তানরা শিক্ষাক্ষেত্র থেকে বর্জিত পড়ছে।

তিনি বলেন, নারীর প্রতি সহিংসতা রোধ করতে পারিবারিকভাবে কাজ করতে হবে, সামাজিক অবক্ষয় রোধ করতে কাজ করতে হবে।

STOP
VIOLENCE
AGAINST
WOMEN

